

## তথ্য কমিশন

প্রান্ততন্ত্র ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১২৩/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান  
পিতা- নুরুল ইসলাম  
গ্রাম-১ নং কলমা, পোষ্ট-ডেইরী ফার্ম  
থানা-সাভার, জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : ডাঃ এ.এম.শাহরিয়ার তৌফিক  
ডেইরী ইকনোমিষ্ট  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামার  
সাভার, ঢাকা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী তার দায়েরকৃত অভিযোগে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক ২৫/২০১৬ নং অভিযোগের শুনানীতত্ত্বে প্রদত্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডাঃ এ. এম. শাহরিয়ার তৌফিক, ডেইরী ইকনোমিষ্ট, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামার, সাভার, ঢাকা তাকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। প্রদত্ত তথ্যে উল্লিখিত ১০ দিনের গো-খাদ্য ক্রয়ে ব্যয়কৃত অর্থের (১ কোটি ১৩ লক্ষ ৬০ হাজার ৬১৯ টাকার) বিল ভাউচার স্বচক্ষে দেখে নোট নিতে এবং উক্ত গো-খাদ্য ক্রয়ের সাথে কারা কারা যুক্ত ছিলেন তাদের পদবীসহ নামের তালিকা পেতে তিনি পুনরায় ১০-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী ২৫/২০১৬ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত সাভারের কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামারে গত ১০ মাসে খামার পরিচালনায় সরকারের ১৩ কোটি ৮৮ লাখ ৫১ হাজার ১১৫ টাকা আর্থিক ক্ষতি দেখানো হয়েছে  
উল্লিখিত আর্থিক ক্ষতির এসব টাকা কি কি কাজে এবং কোন প্রক্রিয়ার মাধ্যমে এসব টাকা ব্যয় করা হয়েছে?  
উল্লিখিত টাকার খাতওয়ারী হিসাব বা বিবরণ।

খ) ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত যে সকল উন্নয়ন মূলক কাজ করে ১৩ কোটি ৮৮ লাখ ৫১ হাজার ১১৫ টাকা আর্থিক ক্ষতি দেখানো হয়েছে সে সকল কাজের দরপত্র প্রক্রিয়ার কাগজপত্রসহ কাজের সর্বশেষ অবস্থা কি? এবং সরেজমিনে দেখতে চাই।

গ) সাভার কেন্দ্রীয় গো-প্রজনন ও দুর্ঘ খামারে ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত ১ কোটি ২৮ লাখ টাকা আয় দেখানো হয়েছে। কি কি খাত থেকে এসকল টাকা আয় করা হয়েছে? খাতওয়ারী বিবরণসহ হিসাব।

২। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য  
করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।  
অদ্য ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৩। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
(আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তিনি আরো বলেন যে, তথ্য  
কমিশন কর্তৃক ২৫/২০১৬ নং অভিযোগের শুনানীতত্ত্বে প্রদত্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তাকে আংশিক তথ্য সরবরাহ  
করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন এবং সরেজমিনে চাহিত তথ্যাদি স্বচক্ষে দেখে নোট নিতে চান।

৪। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক ২৫/২০১৬ নং অভিযোগের শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিযোগকারীকে চাহিত তথ্যাদি যথাযথ সময়ে সরবরাহ করেছেন মর্মে তিনি কমিশনকে অবহিত করেন। তবে দাপ্তরিক অন্যান্য কাজে ব্যস্ত থাকায় অভিযোগকারীকে সরেজমিনে চাহিত তথ্যাদি যথাসময়ে দেখাতে পারেন নি মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং এই অনাকাঙ্গিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট মৌখিকভাবে ক্ষমা প্রার্থনা করেন। তিনি আরো বলেন যে, অভিযোগকারীর সুবিধামত সময়ে সরেজমিনে চাহিত তথ্যাদি স্বচক্ষে দেখে নোট নিতে বর্তমানে তিনি সহযোগিতা করার জন্য প্রস্তুত আছেন মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সরবরাহ করায় এবং সরেজমিনে চাহিত তথ্যাদি স্বচক্ষে দেখে নোট নিতে ব্যবস্থা গ্রহণের নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার এবং সরেজমিনে চাহিত তথ্যাদি স্বচক্ষে দেখে নোট নিতে ব্যবস্থা গ্রহণের জন্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী ডাঃ এ.এম.শাহরিয়ার তোফিক, ডেইরী ইকনোমিস্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুষ্প্র খামার সাভার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার